The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 854 | 24 January 2025 | শুক্রবার ১০ মাঘ ১৪৩১



Mayor Eric Adams joined Trump's Inauguration
>> Page 18

Governor Hochul announces $180M funding for Jamaica Hospital cancer center
>> Page 19





Nipun banned for life from Bangladesh Film
>> Page 19

Trump authorizes ICE to target schools and churches
>> Page 18



# 'জন্মসূত্রে নাগরিকত্ব' বাতিলের আদেশ স্থগিত

## শুরুতেই ট্রাম্প হোঁচট খেলেন

আজকাল রিপোর্ট



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত ২০ জানুয়ারি দায়িত্ব নিয়েই 'জন্মসূত্রে নাগরিকত্ব' সুবিধা বাতিলের নির্বাহী আদেশ দিয়েছিলেন। এর তিন দিনপর তাঁর সেই আদেশকে 'অসাংবিধানিক' আখ্যায়িত করে সাময়িক স্থগিতাদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার মার্কিন যুক্তরাষ্ট্রের একজন ফেডারেল বিচারক এ আদেশ দেন। এর আগে ১৮টি রাজ্যে ট্রাম্পের এ আদেশের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার উদ্যোগ নেয়া হয়। বিচারক তাঁর রায়ে বলেন, ট্রাম্পের এ আদেশ সংবিধানের চতুর্দশ সংশোধনীর বিরোধী যা যুক্তরাষ্ট্রের ভূখণ্ডে জন্মানো সকলকে নাগরিকের অধিকার দেয়। এছাড়া রায়ে নির্বাহী এ আদেশ বাস্তবায়নের আইনি প্রয়োগকে চ্যালেঞ্জ জানানো হয়েছে। জন্মসূত্রে নাগরিকত্ব অর্থ হচ্ছে, যে-ই দেশটিতে জন্মাবে, সে স্বয়ংক্রিয়ভাবেই যুক্তরাষ্ট্রের নাগরিক হয়ে যাবে। এই নীতি বদলাবেন বলে অনেক দিন ধরেই ট্রাম্প প্রতিশ্রুতি দিয়ে আসছিলেন। ক্ষমতায় বসে সে লক্ষ্যে পদক্ষেপও নেন। আদালত ট্রাম্পের ওই নির্বাহী আদেশ ১৪ দিনের জন্য স্থগিত করেছেন।

এর আগে গত সোমবার প্রেসিডেন্ট হিসেবে শপথের প্রথম দিনই জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলসহ বেশ কয়েকটি বিতর্কিত সিদ্ধান্ত নেন ট্রাম্প। ট্রাম্পের এ আদেশ সাংবিধানিক অধিকারকে খর্ব করে বলে মনে করেন আদালত। যদিও ট্রাম্পের ওই নির্বাহী আদেশের পর বেশ আলোচনা-
এরপর ৪১ পৃষ্ঠায়

## কমিউনিটিতে গ্রেফতার আতংক
# অবৈধ বাংলাদেশিরা আত্মগোপনে

আজকাল রিপোর্ট

বাংলাদেশি কমিউনিটিতে আতংক ও উদ্বেগ বিরাজ করছে। কাগজপত্রহীন অবৈধ ইমিগ্রান্টরা অনেকেই সাময়িক আড়ালে চলে গেছেন। বিশেষ করে যাদের নামে ডিপোর্টেশন অর্ডার রয়েছে তারা লোক সমাগমে আসছেন না। জ্যাকসন হাইটস, জামাইকা, ব্রংকসের পার্কচেস্টার কিংবা ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ডসের রেষ্টুরেন্টগুলোতে আড্ডা কমে
এরপর ৪১ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্র বিএনপি বাংলাদেশ ভ্যাকেশনে



আজকাল রিপোর্ট

বাংলাদেশ ভ্যাকেশনে যুক্তরাষ্ট্র বিএনপি। দলটির অধিকাংশ নেতাই এখন বাংলাদেশে রয়েছেন। কেউ কেউ দল বেঁধে বাংলাদেশে গিয়েছেন। নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা ওয়ালিউল্লাহ আতিকুর রহমান ও সাধারন সম্পাদক সাঈদুর রহমান সাঈদ, সিনিয়র সহসভাপতি জসিম উদ্দীন ভিপি'র
এরপর ৪১ পৃষ্ঠায়

## নিউইয়র্কে ডিপোর্টেশন অর্ডারপ্রাপ্ত আড়াই লাখ
# অবৈধদের তালিকা আইস পুলিশের হাতে

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কের কর্মকর্তারা প্রেসিডেন্ট ট্রাম্পর প্রশাসনের অধীনে গণ-ডিপোর্টেশনের প্রস্তুতি নিচ্ছেন। ইমিগ্র্যান্ট সমর্থকরা আশঙ্কা করছেন চার বছর আগে ট্রাম্প যখন ক্ষমতায় ছিলেন তখন যেভাবে অভিযান চালানো হয়েছিল, সেইভাবে ভোরের অভিযান বিভিন্ন মহল্লা মহল্লায় আবারও শুরু হবে। নিউ ইয়র্ক সিটিতে অভয়ারণ্য আইন রয়েছে তবে নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক
এরপর ১৬ পৃষ্ঠায়

# বাংলাদেশ নিয়ে ওয়াশিংটনে ভারতের গোপন বৈঠক

আজকাল রিপোর্ট

ওয়াশিংটনে বাংলাদেশ সম্পর্কে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর যুক্তরাষ্ট্রের নতুন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও'র সঙ্গে গুরুত্বপূর্ণ এক আলোচনা শেষ করেছেন বলে নিজেই টুইট করে জানিয়েছেন। বাংলাদেশ সম্পর্কে তিনি কি আলোচনা শেষ করেছেন তা গোপন রেখেছেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রীর এই নাটকিয়তা এখন নানা প্রশ্নের জন্ম দিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শপথ গ্রহণের পর জয়শঙ্কর প্রথমবার মার্কোর সঙ্গে বৈঠকে মিলিত হলেন। গত বুধবার
এরপর ২৯ পৃষ্ঠায়

## অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে বিএনপি
# ফখরুলকে চ্যালেঞ্জ তথ্য উপদেষ্টার

মাসুদ করিম, *ঢাকা থেকে*





প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন বর্তমান অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে বিএনপি। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, ছাত্ররা যদি রাজনৈতিক দল গঠন করে; আর তার প্রতিনিধি যদি সরকারে থাকে তবে এই সরকারকে নিরপেক্ষ সরকার বলা যায় না। ফলে এই সরকারের অধীনে নির্বাচন হতে পারে না। নির্বাচনের জন্য একটি নির্দলীয় নিরপেক্ষ সরকারের প্রয়োজন হবে। মির্জা ফখরুলের এই মন্তব্যের পর তা প্রত্যাখ্যান করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। অন্যতম সমন্বয়ক বর্তমানে তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম বলেছেন, মির্জা ফখরুলের আরেকটি ওয়ান ইলেভেন সৃষ্টির অভিপ্রায় রয়েছে। তবে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, আগামী পহেলা জানুয়ারি থেকে ৩০ জুনের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে। সরকারের ভেতরের কেউ কোনও রাজনৈতিক দল গঠনের সঙ্গে জড়িত থাকলে তিনি সরকারে থাকতে পারবেন না। ফলে সরকারের নিরপেক্ষতা বজায় থাকছে বলেও তিনি মনে করেন।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলামের বক্তব্যের কড়া জবাব দিয়েছেন অর্ন্তবর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম।
এরপর ৪১ পৃষ্ঠায়

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
RAJIB AHMED, President & CEO
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
CenterLight Health System
Anthem.
Hamaspik
MetroPlusHealth
SWH Senior Whole Health
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suit C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416


Voices of Compassion:
Nasheed Evening for Orphans
with
Al Firdaus Ensemble
and
Ibrahim Aldardasawi
AL FIRDAUS ENSEMBLE
2025 JAN-FEB TOUR
Program in English, Arabic, and Urdu
FRIDAY, JANUARY 24
Time: 7:00 pm
Venue: Long Island Marriott
101 James Doolittle Blvd,
Uniondale, NY 11553
Ticket: $20/person
Tickets
Volunteer
Dinner will be served
ZAKAT FOUNDATION of AMERICA
Website: www.zakat.org/orphancompassion
For more info: eventz@zakat.org
Contact info:
Syed Yousuf: (407) 431
Imran Hossain: (708) 3
Zakat Foundation of America, a 501 (c)(3) non-profit charity organization (Tax ID 36-4476244)
New York, NY

# টিউলিপ ঝরে গেল...

খায়রুল আনোয়ার মুকুল

> টিউলিপের আর্থিক দুর্নীতি ও অনিয়মের বিষয়ে তদন্তকারী স্যার লাউরি ম্যাগনাসকে টিউলিপ সিদ্দিক বলেছেন, 'তার রাশিয়া সফরের উদ্দেশ্য ছিল পরিবারের সঙ্গে যোগ দেওয়া এবং মস্কোর পর্যটন কেন্দ্রগুলো ভ্রমণের মাধ্যমে উপভোগ করা। ওই সফরে বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে আন্তঃসরকারি কোনো আলোচনায় তিনি যোগ দেননি।' টিউলিপ সিদ্দিক তার বিরুদ্ধে ওঠা আর্থিক অনিয়ম ও দুর্নীতির বিষয়ে যত সাফাই বা যুক্তি দাঁড় করান না কেন, সহসা এর থেকে তিনি রেহাই পাবেন না। ব্রিটেনের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করায় সে দেশের রাজনীতিতে তাকে নিয়ে অভিযোগ হয়তো স্তিমিত হতে পারে, কিন্তু বাংলাদেশের রাজনীতি টিউলিপের পুরো পরিবারের জন্য এখন অশনি সংকেত হয়ে দেখা দিয়েছে। পুরো পরিবার রাজনৈতিক বিপর্যয়ের মধ্যে পড়েছে



ব্রিটেনের রাজনীতির বাগান থেকে টিউলিপ ঝরে গেল। অনিয়ম, দুর্নীতি আর আর্থিক কেলেঙ্কারির অভিযোগ মাথায় নিয়ে যুক্তরাজ্যের অর্থনীতিবিষয়ক মন্ত্রীর (সিটি মিনিস্টার) পদ থেকে পদত্যাগ করেছেন টিউলিপ সিদ্দিক। বহু পরিচয় তার নামের সঙ্গে জড়িয়ে আছে। টিউলিপ বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের অন্যতম প্রধান নেতা শেখ মুজিবুর রহমানের দৌহিত্র, গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে দেশ ছেড়ে যাওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগ্নি এবং শেখ রেহানার মেয়ে। তবে এসব কিছু ছাপিয়ে নিজের যোগ্যতায় ব্রিটেনের রাজনীতিতে বেশ ভালোভাবে স্থান করে নিয়েছিলেন টিউলিপ সিদ্দিক। আর লেবার পার্টির রাজনীতিতে তার শক্ত অবস্থান তাকে মন্ত্রিসভায় পৌঁছে দেয়। টিউলিপ হয়তো সে দেশের রাজনীতিতে আরও বহুদূর যেতে পারতেন। তবে আপাতত তিনি বড় ধরনের হোঁচট খেয়েছেন। টিউলিপ এ ধাক্কা সামলে উঠতে পারবেন নাকি তার রাজনৈতিক ক্যারিয়ারের অবসান ঘটবে, তা ভবিষ্যৎ বলে দেবে। যদিও প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার তার ব্যক্তিগত বন্ধুকে রক্ষার চেষ্টা করেছেন। তিনি টিউলিপকে আশ্বস্ত করেছেন এই বলে যে, 'টিউলিপ যদি আবার সরকারে যোগ দিতে চান তাহলে ভবিষ্যতে তার জন্য দরজা খোলা থাকবে।'

তদন্তে টিউলিপ সিদ্দিকের দুর্নীতি ও আর্থিক কেলেঙ্কারির অভিযোগের প্রমাণ পাওয়া যায়নি। টিউলিপকে নিয়ে তদন্তের বিষয়ে মন্ত্রিত্বের মানদণ্ডবিষয়ক স্বাধীন উপদেষ্টা স্যার লাউরি ম্যাগনাস তার তদন্তের উপসংহার টেনেছেন এভাবে যে, যুক্তরাজ্যের লেবার পার্টির সরকারের অর্থনীতিবিষয়ক মন্ত্রী (ইকোনমিক সেক্রেটারি) টিউলিপ সিদ্দিকের মন্ত্রিত্বের মানদণ্ড লঙ্ঘনের কোনো প্রমাণ মেলেনি। অভিযোগ প্রমাণিত না হওয়া সত্ত্বেও কেন টিউলিপকে মন্ত্রিসভা থেকে সরে যেতে হলো? টিউলিপ কি তবে লঘু অপরাধে নিজে থেকেই গুরুদণ্ড নিয়ে নিলেন? নাকি তার খালা শেখ হাসিনার নামে বাংলাদেশে দুর্নীতির বিভিন্ন অভিযোগ, মামলা, তদন্ত শুরু হওয়া; শেখ রেহানার বিরুদ্ধেও দুর্নীতির অভিযোগ, পুরো পরিবারের রাজনৈতিক বিপর্যয়-এসব বিবেচনায় নিয়েই টিউলিপ সিদ্দিক তার রাজনৈতিক ক্যারিয়ারকে একেবারে ধ্বংস হওয়ার হাত থেকে রক্ষা করতে আগেভাগে মন্ত্রিসভা থেকে বিদায় নিলেন? এসব প্রশ্ন এখন বাংলাদেশ ও ব্রিটেনের রাজনীতিতে ঘুরপাক খাচ্ছে। ছাত্র-গণঅভ্যুত্থানের মুখে শেখ হাসিনার ক্ষমতাচ্যুত হওয়ার পাঁচ মাস দুই সপ্তাহ পর টিউলিপ সিদ্দিকের পদত্যাগের ঘটনা ঘটল। টিউলিপের বিরুদ্ধে মূল অভিযোগ, পানামা পেপারসে নাম থাকা একটি অফশোর কোম্পানি কিনেছিল- এমন একটি বাড়িতে দীর্ঘদিন বাস করেছেন তিনি। ওই অফশোর কোম্পানির সঙ্গে দুজন বাংলাদেশি ব্যবসায়ীর যুক্ত থাকার প্রমাণ মিলেছে। টিউলিপ ও তার পরিবার লন্ডনে আওয়ামী লীগের সদস্য ও সংশ্লিষ্ট ব্যক্তিদের কেনা পাঁচটি সম্পত্তি বিনামূল্যে পেয়েছেন বা ব্যবহার করেছেন। তিনি এমন ব্যক্তিদের কাছ থেকে সম্পত্তি পেয়েছেন, যাদের সঙ্গে তার খালার রাজনৈতিক দল আওয়ামী লীগের সরাসরি সম্পর্ক রয়েছে। টিউলিপের খালা আওয়ামী লীগের সভানেত্রী।



টিউলিপের বিরুদ্ধে লন্ডনে যে সম্পত্তি নিয়ে অভিযোগ উঠেছে, তা তার খালা শেখ হাসিনার বাংলাদেশের প্রধানমন্ত্রী থাকাকালে কাজের লোকের সম্পত্তির তুলনায় একেবারেই নগণ্য। শেখ হাসিনা এক সংবাদ সম্মেলনে বলেছিলেন, 'আমার বাসায় কাজ করে গেছে পিয়ন, সে এখন ৪০০ কোটি টাকার মালিক, হেলিকপ্টার ছাড়া চলে না। এটা বাস্তব কথা, কী করে বানাল এই টাকা। যখন আমি জেনেছি, তাকে বাদ দিয়ে কার্ড সিজ করে আমি ব্যবস্থা নিয়েছি। এটা তো হয়।' শুধু বাসার কাজের পিয়ন নয়, শেখ হাসিনা এখন নিজে, ছোট বোন শেখ রেহানা, ছেলে সজীব ওয়াজেদ জয় এবং ভাগ্নি টিউলিপ সিদ্দিক ৮০ হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগের জালে পড়েছেন। তাদের বিরুদ্ধে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রসহ সাবেক সরকারের অগ্রাধিকারের ৯ প্রকল্পের ৮০ হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগ অনুসন্ধানের সিদ্ধান্ত নিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। শেখ হাসিনার পরিবারের সদস্যদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধানে একটি বিশেষ টিম গঠন করা হয়েছে। অভিযোগ উঠেছে, রূপপুর বিদ্যুৎকেন্দ্র নির্মাণে টিউলিপ সিদ্দিকের মধ্যস্থতায় রাশিয়ার সঙ্গে এ প্রকল্পের চুক্তি করেছিলেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মধ্যস্থতার বিনিময়ে মোট ৩০ শতাংশ অর্থ পেয়েছেন টিউলিপ সিদ্দিক, তার মা শেখ রেহানা ও পরিবারের অন্য সদস্যরা। ২০১৩ সালের রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে শেখ হাসিনার সফরসঙ্গী ছিলেন টিউলিপ সিদ্দিক। টিউলিপের বিরুদ্ধে আরও অভিযোগ রয়েছে, সে সময় ঢাকা-মস্কোর বিলিয়ন ডলারের অস্ত্র চুক্তির মধ্যস্থতাও করেছিলেন টিউলিপ। গ্লোবাল ডিফেন্স কর্পের তথ্য অনুযায়ী, ২০০৯ সালে প্রচ্ছায়া লিমিটেড নামে একটি ভুয়া কোম্পানি চালু করেন টিউলিপ সিদ্দিক, তার মা শেখ রেহানা ও চাচা তৎকালীন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা তারিক আহমেদ সিদ্দিক।

টিউলিপের মা শেখ রেহানার বিরুদ্ধে নানা দুর্নীতির কাহিনি গত ১৫ বছরে বাংলাদেশে বেশ জোরেশোরে শোনা যাচ্ছিল। বাংলাদেশ আওয়ামী

এরপর ৪৩ পৃষ্ঠায়







# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯+**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত





স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

Saudi Arabian Airlines

DELTA AIR LINES
Biman Bangladesh Airlines
American Airlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS




## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# সবাই এখন ফেসবুক বিদ্যালয়ের ছাত্র

কাজী বনফুল

সেদিন এক লোক অন্য এক লোককে ডেকে বলছে, ভাই আমার ফোনের ফেসবুক টিপিটা একটু চালু করে দেন তো। এহানে নাকি সব পাওন যায়, সব দেহন যায়। সবাই খালি ফেসবুক দ্যাহে, আমিও দেহুম তাই। আমার ফেসবুক টিপিটা একটু চালু করে দেন। ফেসবুক চালু করার পর সেই লোক বাকি সব কাজ বাদ দিয়ে সারাদিন এখন শুধু ফেসবুকের গায়ে ভেসে থাকা মিথ্যা বানোয়াট খবর, ভিডিও দেখে আর মানুষকে ডেকে ডেকে সেই ফেসবুকের খবর শোনায়-অমুক পাতার রস খেলে তো অমুক রোগ উধাও হয়ে যায়, পৃথিবীতে নাকি নতুন সব দৈত্য আসতেছে এক মাসের ভেতর পৃথিবী ধ্বংস হয়ে যাবে আরও কত গল্প।

এভাবে একটা শ্রেণির ভেতর এমন সব বানোয়াট গল্প ও গুজব মহামারির মতো দ্রুত ছড়িয়ে পড়ছে। আগের দিন মানুষের মুখে মুখে ভর করে কোনো স্বাভাবিক ঘটনা রটতে রটতে এমন জায়গায় গিয়ে পৌঁছাত, যার সঙ্গে মূল ঘটনার কোনো ধরনের মিল খুঁজে পাওয়া যেত না। সেই একই প্রক্রিয়ায় বিভিন্ন স্বাভাবিক ঘটনা এখন রং-ঢং মাখিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে ফেসবুকের মাঠে। সেই ফেসবুক গ্যালারিতে আছে লাখ লাখ কোটি কোটি দর্শক। যাদের কাজই হচ্ছে সারাদিন ফেসবুকের ভিডিও দেখা এবং সেগুলোকে কোনো ধরনের বিচার বিবেচনাহীনভাবে শেয়ার করা। ভিউ ব্যবসায়ী ও শেয়ার ব্যবসায়ীরা খুব ভালোভাবেই জানে ফেসবুকে কোন জিনিস কীভাবে ছাড়লে সেটা শেয়ার ও ভিউয়ার হবে সর্বোচ্চ। তাই তারা আবার ভিডিওর ওপর লিখে দেয় আপনি যদি এ ভিডিওটি দেখামাত্র শেয়ার না করেন, তাহলে আপনার ওপর অমুক গজব পড়বে, অমুক ক্ষতি হবে। সাধারণ মানুষ স্বাভাবিকভাবে ভীতু ও কুসংস্কারগ্রস্ত হয়ে থাকে। আর সঙ্গে সঙ্গে শেয়ার হয়ে যায় লাখ লাখ। এভাবেই হাজারো মিথ্যা তথ্য, মিথ্যা বানোয়াট খবর ছড়িয়ে পড়ছে ফেসবুকের রঙিন পাতাজুড়ে। তারপর মানুষ থেকে মানুষে সমাজ থেকে সমাজে সর্বত্র।

আমাদের অঞ্চলে ছোট বাচ্চা থেকে বুড়ো সবাই এখন বুঝে না বুঝে ফেসবুক অ্যাকাউন্টের মালিক। তারা যখন যা ইচ্ছে ফেসবুকে ছাড়তে পারে, শেয়ার করতে পারে। মানুষকে দেখাতে পারে যে কোনো কিছু, নানান আবর্জনা কুড়িয়ে কুড়িয়ে ভরে তুলছে ফেসবুক অ্যাকাউন্টের বেহিসাবি ঘর।

বাংলাদেশের সর্বত্র এখন ফেসবুকের কালো চাদরে ঢেকে গেছে। ফেসবুকে ভেসে বেড়ানো সব পচা-গলা, নষ্ট মাছদের মানুষ গ্রহণ করছে তাজা ও ভালো মাছ হিসেবে। সবাই গো-গ্রাসে ভক্ষণ করছে ফেসবুক থেকে কুড়ানো নষ্ট, পচা মিথ্যা মাছদের। ফেসবুকের নদীতে যারা এখনো সাঁতার কাটতে ব্যর্থ হয়েছে, সমাজ তাদের আনস্মার্ট ও পিছিয়ে পড়া মানুষ হিসেবে বিবেচনা করছে। সবাই ফেসবুকের নদীতে গা ভাসিয়ে ভেসে চলছে দিগন্তহীন অগন্তব্যের পথে। কোথায় যাচ্ছে, কোন দিকে যাচ্ছে এবং এর ভবিষ্যৎ কোথায়, ফিডব্যাক কী, ভবিষ্যৎ আউটপুটইবা কী-তা সম্পর্কে কারও কোনো ভাবনাচিন্তা নেই; শুধু হা হা-হো হো করতে করতে সবাই ভেসে চলছে ফেসবুক নদীতে।



উন্নত দেশগুলোর দিকে তাকালে দেখা যায় তাদের ফেসবুক কার্যক্রম অত্যন্ত সীমিত ও সীমাবদ্ধ। তাদের জীবন ফেসবুকের চার দেয়ালে বন্দি নয়। ফেসবুকের বাইরেও যে জীবন রয়েছে, সেটা সম্পর্কে তাদের ধারণা সুসমৃদ্ধ। তাদের জীবনের স্পেসিফিক মূল্য আছে। জীবনের মূল্যবান সময়কে তারা ফেসবুকের পচা খাতায় বিলিয়ে দিতে আসেনি, তারা নিজেদের জীবনের মূল্যবান সময়কে খুব হিসাব করে খরচ করে। মেটার সর্বোচ্চ ফেসবুক ব্যবহারকারী দেশের মধ্যে বাংলাদেশ নাম শীর্ষে রয়েছে। কারণ বাংলাদেশের মানুষের জীবনের সময়ের হিসাব নেই। নিজেদের ফেসবুক নামক আত্মমোহিক জালে আবদ্ধ করে রেখেছে তারা। তাদের জীবন কখন যে এই ফেসবুক নামক বাঁকা বড়শিতে এমন পোক্তভাবে গেঁথে গেল, আমরা তা ধরতেই পারিনি। ফেসবুক আমাদের এখন ভাত আর মাছের মতো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। ফেসবুক ছাড়া আমরা চলতে পারি না, হাঁটতে পারি না, গল্প করতে পারি না, খেতে পর্যন্ত পারি না-সবকিছুর ভেতর ফেসবুক ঢুকে গেছে। সবকিছুর ফাঁকে ফাঁকে আমাদের ফেসবুকে উঁকি মারতে হয়। আমাদের এখন আমাদের সঙ্গে কোনো গল্প হয় না, যেটুকু হয় ওই ফেসবুকের তৈলমর্দনরূপ নামক কমেন্ট বক্সে আর আবেগে জড়ানো কালো কালির চিঠি ধ্বংসকারক মেসেঞ্জারে। আমরা আমাদের থেকে ক্রমান্বয়ে দূরে সরে যাচ্ছি, ক্রমাগত তলিয়ে যাচ্ছি অন্ধকারের অতল গহ্বরে। ফেসবুকের রঙিন আলো আমাদের চুষে চুষে অমানবিক, নিষ্ঠুর, রোবোটিক কৃত্রিম মানুষে পরিণত করছে। সামাজিক যোগাযোগের নামে আমাদের করে তুলছে চরম অসামাজিক, হিংস্র ও দুঃখী মানুষ। আমরা এখন সবাই ফেসবুক বিদ্যালয়ের ছাত্র। আমাদের স্কুল, কলেজ, বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় সবকিছুই এখন হয়ে উঠছে আমাদের এ ফেসবুক। ফেসবুকে সারাক্ষণ যা দেখি, যা পড়ি, সেটাই আমরা ধারণ করছি, উগড়ে দিচ্ছি সর্বত্র। আমাদের মস্তিষ্কের গুরুত্বপূর্ণ লকারে জমা হচ্ছে ফেসবুকের বাসি, পচা অজ্ঞানতার স্তূপ। প্রয়োজন অনুসারে সেখান থেকে আবার উগড়ে দিই ফেসবুকের সাদা ফাঁকা স্ক্রিনের দেয়ালে। ফেসবুকের ননস্টপ স্কুলের সারাক্ষণের ছাত্র আমরা। আমাদের এই স্কুলের কোনো ছুটি নেই, এখানে সবাই ছাত্র, সবাই শিক্ষক এবং কেউ কেউ অতিশিক্ষক। সবাই উপদেশ আর জ্ঞান বিতরণের ফ্রি চাকরি করেন এখানে। এত এত জ্ঞানের দহনে চারপাশে জ্ঞানের ধোঁয়ায় আচ্ছন্ন মানুষ। কেউ আর কিছু দেখছে না, চারপাশ ধূমায়িত অন্ধকারে ঢেকে যাচ্ছে।

এরপর ৪০ পৃষ্ঠায়



> 'আমাদের দেশে হবে সেই ছেলে কবে কথায় না বড় হয়ে কাজে বড় হবে', 'মনারে মনা কোথায় যাস বিলের ধারে কাটবো ঘাস'- আরও কত ছড়া-কবিতা এখনো স্মৃতির সন্ধ্যায় চারণকালে কল্পনার কর্ণমূলে ভাসে। বাচ্চাদের হাতে এখন স্মার্টফোন। তারা এতটুকু বয়সেই খুলে ফেলেছে ফেক আইডিসহ তিন-চারটি আইডি। সেদিন একজন বলল, সে একসঙ্গে পাঁচটা ফেসবুক আইডি চালায়, নামে-বেনামে। আমি বললাম, এতগুলো আইডি দিয়ে কী করা হয়? সে বলল, ট্রেন্ড বস-ট্রেন্ড। আমরা যে ট্রেন্ডের পথে এগিয়ে চলছি তা কোনোভাবেই সঠিক ও সামগ্রিক কল্যাণকর নয়। আমাদের ফেসবুক নামক কন্টকী ফল সমগ্র চিত্রকে মদবিহ্বলতায় জাপটে ধরেছে। আমরা যদি এখনো এই বিষ-বিষাদের তেতো ভবিষ্যতের বিষক্রিয়া সম্পর্কে অনুধাবন করতে না পারি, তাহলে আমাদের সর্বনাশ কেউ ঠেকাতে পারবে না

# বেশি দরকার রাজনীতির 'চরিত্র' বদলে দেয়া

ড. তারেক ফজল

> বাংলাদেশের রাজনীতির একজন নগণ্য পর্যবেক্ষক হিসেবে আমার মনে হয়, বিদ্যমান বাংলাদেশি রাজনীতির আংশিক মৌলিক চরিত্র বদলে দিতে পারে একটি রাজনৈতিক সিদ্ধান্ত এবং তা হলো, বাংলাদেশের জাতীয় আইন প্রণয়নকারী হিসেবে যারা জনগণের ভোটে নির্বাচিত হবেন, তারা পুরোপুরি স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রক্রিয়া থেকে বিচ্ছিন্ন হবেন ও থাকবেন। স্থানীয় পর্যায়ের, মানে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার, উন্নয়ন প্রক্রিয়ায় যদি অংশ নেয়ার সুযোগ রহিত হয়, আমার অনুমান, ব্যবসায়ী রাজনীতিকসহ প্রায় শতকরা পঞ্চাশ ভাগ রাজনৈতিক রাজনীতি থেকে বিদায় নেবেন। কেন বিদায় নেবেন? বিদায় নেবেন, কারণ এই স্থানীয় উন্নয়ন প্রক্রিয়াতে রাজনীতি করার 'মূল মধু' লুকিয়ে আছে। আসলে 'লুকিয়ে' নেই, একেবারে 'প্রকাশ্যেই' আছে সেই মধু। রাজনৈতিক দুর্বৃত্তপনার এটি এক উল্লেখযোগ্য সূত্র



আমার ক্লাসের ছাত্রছাত্রীদের বলছিলাম, তোমরা রাষ্ট্রীয় সংবিধান বদলে দেয়ার একটা প্রক্রিয়ার সাক্ষী হতে পারছো। এটা বেশ অসাধারণ অভিজ্ঞতা। বাংলাদেশের প্রথম সংবিধান 'বানাবার কালে' আমার অংশীদার হওয়ার সুযোগ ছিল না। এবার আমার উৎসাহে তোমাদের কয়েকজন রিপাবলিক থেকে 'প্রজা' সরিয়ে দেয়ার প্রচারে অংশীদার হতে পেরেছো। একদা এটা তোমাদের ভালো স্মৃতি হবে।

বাংলাদেশের সংবিধানে উল্লেখযোগ্য পরিবর্তনের চলমান প্রক্রিয়ায় আমরা কেউ কেউ অংশীদার হওয়ার চেষ্টা করছি, এটা-ওটা প্রস্তাব করছি। পাঠকদের কেউ কেউ স্পষ্ট উচ্চারণেই বলছেন, এসব বদলানোর চাইতে রাজনীতিকদের বদলানো বেশি দরকার। কথাটা ফেলনা নয়। রাজনীতিকদের বদলাতে হবে, তাদের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে এবং তাদের ভেতর থেকে বদলে দেয়ার জন্য মৌলিক ও ভিন্ন প্রস্তাবও করতে হবে।

বাংলাদেশের রাজনীতির একজন নগণ্য পর্যবেক্ষক হিসেবে আমার মনে হয়, বিদ্যমান বাংলাদেশি রাজনীতির আংশিক মৌলিক চরিত্র বদলে দিতে পারে একটি রাজনৈতিক সিদ্ধান্ত এবং তা হলো, বাংলাদেশের জাতীয় আইন প্রণয়নকারী হিসেবে যারা জনগণের ভোটে নির্বাচিত হবেন, তারা পুরোপুরি স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রক্রিয়া থেকে বিচ্ছিন্ন হবেন ও থাকবেন। স্থানীয় পর্যায়ের, মানে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার, উন্নয়ন প্রক্রিয়ায় যদি অংশ নেয়ার সুযোগ রহিত হয়, আমার অনুমান, ব্যবসায়ী রাজনীতিকসহ প্রায় শতকরা পঞ্চাশ ভাগ রাজনৈতিক রাজনীতি থেকে বিদায় নেবেন। কেন বিদায় নেবেন? বিদায় নেবেন, কারণ এই স্থানীয় উন্নয়ন প্রক্রিয়াতে রাজনীতি করার 'মূল মধু' লুকিয়ে আছে। আসলে 'লুকিয়ে' নেই, একেবারে 'প্রকাশ্যেই' আছে সেই মধু। রাজনৈতিক দুর্বৃত্তপনার এটি এক উল্লেখযোগ্য সূত্র।

আইনসভার সদস্যরা রাষ্ট্রীয় আইন প্রণয়নের কাজেই প্রধানত মনোযোগী থাকবেন। আর মনোযোগ দেবেন সরকারের নির্বাহী বিভাগকে সঠিকভাবে নির্দেশনা দেয়ার কাজে। নির্বাহী বিভাগকে আইনসভা উপযুক্ত ও ঘোষিত প্রক্রিয়ায় নিয়ন্ত্রণ করবে। তাতে ভোটার জনগণের নিয়মিত বস্তুগত জীবন সহজ ও আনন্দের হয়ে উঠবে।

প্রশ্ন আসবে, তবে স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রক্রিয়ায় কারা থাকবেন? জবাবটা রাজনৈতিক তত্ত্বে স্পষ্ট করে দেয়া আছে। স্থানীয় পর্যায়ের উন্নয়নের জন্য জনগণের ভোট অর্জন করেন স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর নেতৃত্ব। তাদেরই মূল কাজ যাবতীয় স্থানীয় উন্নয়ন নিশ্চিত করা। জাতীয় আইনসভার সদস্যরা জাতীয় পর্যায়ের উন্নয়ন নীতিমালা নির্ধারণে ভূমিকা রাখবেন, আইন বানাবেন, জাতিকে নেতৃত্ব দেবেন।

বাংলাদেশে তা হয় না, ভাবাও হয় না। কারণ এই মৌলিক নীতির বিষয়ে জাতীয় পর্যায়ে রাজনৈতিক সিদ্ধান্ত নেয়া হয়নি, এখনো। আমি আজই বাংলাদেশের জাতীয় নেতৃত্বকে স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রক্রিয়ার বিষয়ে এই সিদ্ধান্তটি নেয়ার উদ্যোগ নিতে আহ্বান জানাই। এই একটি সিদ্ধান্ত রাজনীতি বদলে দেবে, বাংলাদেশের রাজনীতির বৈশিষ্ট্য বদলে দেবে। বাংলাদেশ তাৎপর্যপূর্ণ সমৃদ্ধির পথে এগোতে থাকবে।

লেখক: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাজনীতি বিজ্ঞানের প্রফেসর।



> জাতীয় আইনসভার সদস্যরা জাতীয় পর্যায়ের উন্নয়ন নীতিমালা নির্ধারণে ভূমিকা রাখবেন, আইন বানাবেন, জাতিকে নেতৃত্ব দেবেন। বাংলাদেশে তা হয় না, ভাবাও হয় না। কারণ এই মৌলিক নীতির বিষয়ে জাতীয় পর্যায়ে রাজনৈতিক সিদ্ধান্ত নেয়া হয়নি, এখনো। আমি আজই বাংলাদেশের জাতীয় নেতৃত্বকে স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রক্রিয়ার বিষয়ে এই সিদ্ধান্তটি নেয়ার উদ্যোগ নিতে আহ্বান জানাই। এই একটি সিদ্ধান্ত রাজনীতি বদলে দেবে, বাংলাদেশের রাজনীতির বৈশিষ্ট্য বদলে দেবে। বাংলাদেশ তাৎপর্যপূর্ণ সমৃদ্ধির পথে এগোতে থাকবে

www.careeracademyny.com

# CAREER ACADEMY OF NEW YORK



## BECOME A CERTIFIED HOME HEALTH AIDE TODAY!

HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP

SNG SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).

DANGER

সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

## Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com

## আমাদের প্রতিটি শাখায় PCA, HHA সার্টিফিকেট সংগ্রহকারীদের রেজিস্ট্রেশন চলছে

নিজস্ব স্কুল থেকে সার্টিফিকেট প্রদান

পহেলা ফেব্রুয়ারি থেকে লেক্সা LHCSA সার্ভিস

এডাল্ট ডে কেয়ার চালু হচ্ছে ফেব্রুয়ারি ২০২৫

# আরো ৫টি নতুন সেবা আসছে

## অ্যালেগ্রা হোম কেয়ার বাঙলা সিডিপ্যাপ সার্ভিসেস

ALEGRA HOME CARE INC.

BANGLA CDPAP SERVICES



**Sir Dr. Abu Zafar Mahmood**
President & CEO
646-769-0966, 718-290-8249
netlake111@gmail.com

## LOCATIONS

**Corporate Office**
72-26 Broadway (2nd Floor)
Jackson Heights, NY 11372
646-769-0966 888 487 0928

**Jackson Heights Office**
72-28 Broadway (1st Floor)
Jackson Heights, NY 11372
888-212-3237, 646-769-0966

**Ozone Park Office**
1127 Liberty Avenue
Brooklyn (Ozone Park),
NY 11208
888-486-0764, 347-673-5525
929- 434- 5618, 646-769-0966

**Buffalo Office**
Ideal BD Inc. 3178 Bailey Avenue
Buffalo, NY 14215
646-769-0966, 718-290-8249

**Jamaica Office**
15338 Hillside Avenue
Jamaica, NY 11432
888 228 5803 646 769 0966

**Brooklyn Office**
544 McDonald Avenue
Brooklyn, NY 11218
888-209-7805, 718-310-8586
718- 500-2388, 646-769-0966

**Bronx Office**
1452 & 1454 East Avenue
Bronx, NY 10462
888-420-0168, 646-769-0966
718-290-8249

**Albany Office**
Suite 2009, 150 State Street
Albany, NY 12207
646-769-0966

দরদী মানব সেবার অঙ্গীকার

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

# NYPD starts on board overnight subway patrol



Ajkal Desk

Subway riders will have some company on board trains beginning Monday night.
NYPD officers will be riding all the trains in teams of two. The program will be phased in with the operation at full force by month's end.
Governor Kathy Hochul called for the plans and included the funding in her State of the State address earlier in January.
Officers have been deployed and added to different areas of stations and trains as part of several subway safety plans during the past few years.
About 147 trains run along the lines at night.
At full deployment, about 300 officers will be assigned to the train patrol. Additional officers have also been added to the ranks of the city and state forces.
Governor Hochul has funded the program through the summer.
Eizabeth welcomes the officers on board overnight. She won't be letting down her guard, anytime she rides. "I'm always looking around me and I make sure to see who's walking by," she said.
The governor and MTA say the patrols and cameras on every train car send a message.
"Having a cop on every train will alter the safety equation overnight. The MTA has been talking about restoring it, something that existed when I grew up in New York," said MTA Chairman Janno Lieber.
The officers on board the train have received specialized training. The operations also require specific logistics and resource management.



# Trump authorizes ICE to target schools and churches

Ajkal Desk

Federal immigration authorities will be permitted to target schools and churches after President Donald Trump revoked a directive barring arrests in "sensitive" areas.
The Department of Homeland Security announced Tuesday it would roll back the policy to "thwart law enforcement in or near so-called sensitive areas."
First enacted in 2011, the directive prohibited Immigration and Customs Enforcement and Customs and Border Patrol officers from arresting suspected undocumented immigrants in a variety of locations.
Schools and houses of worship were deemed off-limits, as were hospitals, funerals, weddings and public demonstrations.
In a statement touting the move Tuesday, a spokesperson for the Department of Homeland Security said law enforcement would use "common sense" in making arrests.
"This action empowers the brave men and women in CBP and ICE to enforce our immigration laws and catch criminal aliens -- including murders and rapists -- who have illegally come into our country," the spokesperson said.
"Criminals will no longer be able to hide in America's schools and churches to avoid arrest," the statement continued. "The Trump Administration will not tie the hands of our brave law enforcement, and instead trusts them to use common sense."

# Mayor Eric Adams joined Trump's Inauguration

Shah Nawaz



Mayor Eric Adams was among those in attendance at the inauguration of President Donald Trump Monday.His last-minute decision to go down to D.C. ruffled feathers in New York— with fellow political leaders, and even a key constituency of the Mayor: Black churchgoers.
Senior Pastor Jesse T. Williams at the Convent Avenue Baptist Church, which was supposed to host Adams Monday, did not mention Adams by name, but said it was disrespectful even having an inauguration on Martin Luther King Jr. Day.
"I protest by being here with you here in Harlem," he said. "That event degrades the contributions of one of the greatest Americans we've ever seen. Y'all you could not pay me to be down at that event." The Mayor is fighting for his political life as he faces federal corruption charges— and has not ruled out accepting a pardon from President Trump.
Several people running against the Mayor in the election later this year— who did not skip the event— pounced.
"He's making it very clear to black and brown New York across New York City," said Michael Blake, a former Assemblyman running for Mayor. "All that he cares about is staying out of jail."
A spokesman for the mayor said the invitation to the inauguration was last minute made in the early hours of Monday morning.
The Mayor himself has said his interactions with Trump are not about his legal troubles— and in a post on X says this is about about working for New Yorkers— adding that Dr. King was a believer in setting partisan politics aside.

## 2250,00050,000 Illegal Immigrants Or22dered To Be Deported From New York

# 250,000 New Yorkers ordered to be deported

Anik Raj

Immigration is a hot topic due to threats of mass deportations coming from the new administrations. It seems as though there is a misconception that New York State protects illegal immigrants. The numbers say otherwise.
Between October 2020 and June 2024, nearly half - 4.7 million or 45.8% - of total border encounters took place in Texas, according to USA Facts. In New York, 305.6K or 3.0% of encounters occurred during the same period. Not all illegal immigrants get into the United States by traveling across the southern or northern borders. Many come in with legal travel documents and overstay their terms. According to the Department of Homeland Security, in 2023, 565,155 legal visitors overstayed their visas. Documented says that 254,180 illegal immigrants were ordered to be deported from New York State between 2000 and 2024. The data is based on court removal orders for people with an address in New York. That is an average of around 10,000 per year during the time period. The top country with deportation orders for their citizens was Ecuador, which received 33,000 removal orders. China had the second-highest number of deportation orders at 28,242. According to USA Facts, New York State has around 4.52 million immigrants, as of 2023, which is approximately 23.1% of the population.



# Governor Hochul announces $180M funding for Jamaica Hospital cancer center

**Anik Raj**

Governor Kathy Hochul announced a landmark $180 million state investment on Friday to improve healthcare access in Queens, unveiling plans for the borough's first comprehensive cancer care center at Jamaica Hospital Medical Center (JHMC).

The state-funded project aims to provide world-class cancer treatment closer to home for Queens residents, eliminating the need to travel to Manhattan for care.

Hochul made the announcement during a press conference on Jan. 17 at Jamaica Hospital, located at 91st and Van Wyck, joined by hospital executives and local leaders, including Rep. Gregory Meeks, State Sen. Leroy Comrie, Council Member Lynn Schulman and Queens Borough President Donovan Richards.

Bruce J. Flanz, President and CEO of MediSys Health Network, which oversees Jamaica Hospital Medical Center (JHMC), has been instrumental in cultivating the hospital's partnership with Memorial Sloan Kettering Cancer Center (MSKCC).

Flanz explained to QNS that the new 90,000-square-foot cancer center will be developed in collaboration with MSKCC, building on their longstanding relationship. The facility will feature a state-of-the-art Radiation and Infusion Therapy Campus, providing comprehensive cancer care to Queens residents.

"They've been providing clinical expertise first in medical oncology, and now we're expanding to surgical oncology and radiation oncology so that we can provide the people of Queens with the same level of care that we get with Memorial," he said. Flanz added that the facility will strengthen the hospital's ongoing relationship with MSK and provide local residents with a high standard of care.






The cancer center's funding comes from Hochul's Healthcare Safety Net Transformation Program, established in the FY25 Enacted Budget. The program incentivizes partnerships between safety-net hospitals and healthcare organizations. The state will provide up to $188 million in capital funding to support the cancer center's creation.

JHMC and MSKCC are among seven hospitals and healthcare partnerships across New York that have preliminarily approved projects as part of the Healthcare Safety Net Transformation Program. The other partnerships include Glens Falls Hospital and Albany Med Health System; Bertrand Chaffee Hospital, Brooks Hospital, Olean General Hospital, and Kaleida Health; St. Barnabas Hospital, Cityblock Health, and Union Community Health Center; Montefiore New Rochelle Hospital and Mount Vernon Neighborhood Health Center (dba Westchester Community Health Center); University of Vermont (UVM) Health Network, including UVM Alice Hyde Medical Center and UVM Champlain Valley Physicians Hospital; and Mary Imogene Bassett Hospital in collaboration with Otsego County Ambulance Services and Noble Health Services.

The Department of Health will work with these applicants to refine the operating and capital needs to enact the proposed plans.

Hochul said that the funding will provide patients at JHMC the same access to world-renowned care that they will receive at MSKCC. "The people here, some of them are just struggling and they didn't ask for their lot in life, they're hard working people," she said. "We can say we can offer you the caliber of the same health care that the richest of the rich can afford just a few miles away in Manhattan; we can bring it right here," Hochul said.

Local elected officials expressed their excitement about the news of the capital funding.

Rep. Meeks emphasized that healthcare is a "mandate for every single human being." "To say that Sloan Kettering is now partnering with Jamaica Hosptial says to all of us- all of you who are living in Queens and look to this hospital for service- it says that we are deserving," Meeks said.

